

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ-১ শাখা  
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.০০০.১৫৭.০৭.০০৪০.২৬.১৯৩(১১)

তারিখ: ০২ আষাঢ় ১৪৩৩  
১৬ জুন ২০২৬


**বিষয়: ভেরিয়েশন বা অতিরিক্ত সরবরাহ আদেশ অনুমোদন**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.০০০.৬১২.০৭(২৬).০০০৪.২৬.১৬৩; তারিখ: ১৬ জুন ২০২৬  
(২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-সিএমএসডি/প্রক-১১/জিআর-২৫১২/ডিপিএম/জিওবি(রেভ)/২০২৫-২৬/প্রক.ডি-৩/২৩৪৪; তারিখ: ২৩ মে ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তরের প্রস্তাব এবং সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনক্রমে যক্ষ্মা রোগ নির্ণয়ের জন্য ‘GeneXpert Cartridge’ এর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকল্পে মোট চুক্তিমূল্য ১৫৮,৪৮,২০,৩৪০.০০ টাকার ২০% প্রস্তাবিত ভেরিয়েশন বাবদ ৩১,৬৯,৬৩,৯৩৫.৬০ টাকা চুক্তিমূল্য [একক চুক্তিমূল্য ১০৬৯.৩৭৯ [Related Services fee applicable for UNOPS (4.96%) সহ] অপরিবর্তিত রেখে United Nations Office for Project Services (UNOPS)-এর মাধ্যমে ১৪,৮২,০০০ সংখ্যক ‘GeneXpert Cartridge’ এর ২০% ২,৯৬,৪০০ সংখ্যক ‘GeneXpert Cartridge’ ক্রয়/সংগ্রহের নিমিত্ত সমুদয় অর্থ অগ্রীম পরিশোধের শর্তে ভেরিয়েশন বা অতিরিক্ত সরবরাহের ক্রয় প্রস্তাব নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো:

**শর্তাবলী:**

- (ক) “পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬”, “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫”, “আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ (সর্বশেষ হালনাগাদ-২০২৬)”সহ প্রযোজ্য সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মচার যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (খ) নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদানের পূর্বে সকল কাগজ-পত্র পূঙ্খানুপূঙ্খভাবে পরীক্ষা করতে হবে;
- (গ) প্রস্তাবিত ক্রয়ে বিধি মোতাবেক সকল প্রকার ট্যাক্স ও ভ্যাট কর্তনের বিষয়টি চুক্তিপত্রে অন্তর্ভুক্ত করতে হবে;
- (ঘ) প্রস্তাবিত ক্রয়ে বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঙ) অর্থ বিভাজন আদেশের সকল শর্ত যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (চ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে ত্রুটি বা অনিয়মের দায়-দায়িত্ব বিল পরিশোধকারী কর্তৃপক্ষকে বহন করতে হবে।

  
২৬/০৬/২০২৬  
মো: সাইফুল ইসলাম মজুমদার  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৫৫১০০৬৪৫  
procurement1@hsd.gov.bd

**মহাপরিচালক**

স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: পরিচালক, এমবিডিসি,  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা]

**অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে:**

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
- ২। পরিচালক, সেন্ট্রাল মেডিকেল স্টোরস ডিপো (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা;
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য/উন্নয়ন/বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৯। অফিস কপি।